সংবাদ

031

তারিখ 18 NOV 1985
পৃষ্ঠা 2 কলাম 7

# শিক্ষা পরিদপ্তরে মনিটরিং সেল চালু হবে

সরকার শিগগিরই শিক্ষা পরিদপ্তরে কম্পিউটারচালিত মনিটরিং সেল চালু করতে যাচ্ছেন। দেশের প্রাথমিক বিদ্যালয়গুলো থেকে ছাত্রদের লেখাপড়া ছেড়ে দেয়ার ক্রমবর্ধমান ঝোঁক প্রতিহত করতে এ পদক্ষেপ নেয়া হচ্ছে। শিক্ষামন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী গত শনিবার একথা বলেন।

বাংলাদেশ ইনষ্টিটিউট অব ডিসট্যান্স এডুকেশনে (বিআইডিই) 'সার্বজনীন প্রাথমিক শিক্ষা দানের উদ্দেশ্যে শিক্ষক ও সমাজ-কল্যাণ কর্মীদের প্রশিক্ষণ দানে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক এক কর্মশিবির উদ্বোধন করতে গিয়ে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা সমাপ্ত হবার আগে লেখাপড়া ছেড়ে দেয়া এখন নিয়মিত ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এর ব্যাপকতা কমাতে হলে উন্নত মনিটরিং ব্যবস্থা অত্যন্ত জরুরী।